বাংলাদেশ সুপ্রীম কোর্ট
হাইকোর্ট বিভাগ, ঢাকা
(বিচার শাখা)
www.supremecourt.gov.bd

স্মারক নং-১জে-১০/২০১৭ (অংশ-৩)-৯১৮৪ জে, তারিখ: ২৩আশ্বিন ১৪৩২ বঙ্গাব্দ / ০৮অক্টোবর ২০২৫ খ্রিস্টাব্দ

**বিষয়ঃ খুলনা মহানগর দায়রা জজ আদালতে কর্মরত "নাজির" জনাব মোঃ আবুল কালাম আজাদ-এর ব্লাড ক্যান্সার রোগে আক্রান্ত হওয়ায় ব্যয়বহুল চিকিৎসার খরচ নির্বাহের নিমিত্ত আর্থিক সাহায্যের আবেদন প্রসঙ্গে।**

**সূত্রঃ মহানগর দায়রা জজের কার্যালয়,খুলনা-এর স্মারক নং-১৪৮/জি, তারিখ-২২.০৯.২০২৫ খ্রি.**

উপর্যুক্ত বিষয় ও সূত্রের প্রেক্ষিতে নির্দেশিত হয়ে জানানো যাচ্ছে যে, জনাব মোঃ আবুল কালাম আজাদ উল্লেখ করেছেন যে, তিনি খুলনা মহানগর দায়রা জজ আদালতে "নাজির" পদে কর্মরত আছেন। তিনি পরিবারের একমাত্র উপার্জনক্ষম ব্যক্তি। বিগত ২০২০ খ্রি. সালে তার স্ত্রী একপুত্র সন্তান রেখে অপর সন্তান প্রসবকালে ইন্তেকাল করেন। তার একমাত্র পুত্র বর্তমানে পঞ্চম শ্রেনীতে অধ্যয়নরত। সংশ্লিষ্ট কর্মচারী ব্লাড ক্যান্সারে আক্রান্ত। তিনি ইতোমধ্যে ভারতের ভেলোরস্থ খ্রিষ্টিয়ান মেডিকেল কলেজ হাসপাতালে চিকিৎসাধীন থেকে কেমোথেরাপি সম্পন্ন করেছেন। পরবর্তীতে চলতি বছরের মার্চ মাসে চেকআপের জন্য তিনি পুনরায় ভেলোরে যান। কিন্তু পরীক্ষান্তে মেডিকেল রিপোর্ট অনুসারে তার শরীরে ব্লাড ক্যান্সারের কিছু জীবাণু বিদ্যমান থাকায় বিশেষজ্ঞ চিকিৎসকগণ তাকে রেডিওথেরাপি প্রদানের পরামর্শ প্রদান করেন। রেডিওথেরাপি প্রদানের জন্য প্রায় ১০(দশ) লক্ষ টাকার প্রয়োজন। ইতোমধ্যে এই দুরারোগ্য ব্যাধির চিকিৎসা ব্যয় নির্বাহ করতে গিয়ে তার প্রায় ৩০(ত্রিশ) লক্ষ টাকা খরচ হয়ে গিয়েছে। বর্তমানে পরবর্তী চিকিৎসা ব্যয় নির্বাহের জন্য সঞ্চিত কোনো অর্থ অবশিষ্ট নেই। এজন্য তিনি অসহায় ও নিরুপায় হয়ে বিচার বিভাগের একজন সাধারণ কর্মচারী হিসেবে তার চিকিৎসা চালিয়ে নিতে সকল বিচার বিভাগীয় কর্মকর্তা-কর্মচারীগণের নিকট আর্থিক সাহায্যের প্রার্থনা জানিয়েছেন।

০২। এমতাবস্থায়, খুলনা মহানগর দায়রা জজ আদালতে কর্মরত "নাজির" জনাব মোঃ আবুল কালাম আজাদ-এর ব্লাড ক্যান্সার রোগের সুচিকিৎসার জন্য আর্থিক সাহায্যের আবেদনটি বাংলাদেশের প্রতিটি অধস্তন আদালতে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করার জন্য সংশ্লিষ্ট সকলকে অনুরোধ করা হলো।একই সাথে আপনার অধীনস্থ একজন কর্মকর্তা-কে এতদ্‌উদ্দেশ্যে দায়িত্ব প্রদানক্রমে এ সংক্রান্ত কার্যক্রম সমন্বয় করার জন্যও অনুরোধ করা হলো।

সংযুক্তি: ০২ (দুই) ফর্দ।

স্বাক্ষরিত/-
(মোহাম্মদ মোয়াজ্জেম হোসেন)
রেজিস্ট্রার (বিচার)
ফোন: ০২২২৩৩৫৮৭৮০
ই-মেইল: registrar.judicial@supremecourt.gov.bd

সাহায্য পাঠানোর ঠিকানা:
মোঃ আবুল কালাম আজাদ
সঞ্চয়ী হিসাব নং-২৮৫২১০১০৫৯৮৭১
পূবালী ব্যাংক লিমিটেড, শেখপাড়া বাজার শাখা,খুলনা।
মোবাইল নং-০১৭৪৩-৮৫৪৮১৬ (বিকাশ পার্সোনাল)

স্মারক নং-১জে-১০/২০১৭ (অংশ-৩)-৯১৮৪ জে, তারিখ: ২৩আশ্বিন ১৪৩২ বঙ্গাব্দ / ০৮অক্টোবর ২০২৫ খ্রিস্টাব্দ

অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

১। সচিব, আইন ও বিচার বিভাগ, আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
২। জেলা ও দায়রা জজ,------------------------------------ (সকল)।
৩। মহানগর দায়রা জজ, ------------------------------------ (সকল)।
৪। বিভাগীয় বিশেষ জজ, বিভাগীয় বিশেষ জজ আদালত, --------------------(সকল)।
৫। বিচারক (জেলা জজ), নারী ও শিশু নির্যাতন দমন ট্রাইব্যুনাল, ------------------ (সকল)।
৬। বিচারক (জেলা জজ), জননিরাপত্তা বিঘ্নকারী অপরাধ দমন ট্রাইব্যুনাল,---------- (সকল)।
৭। বিচারক (জেলা জজ), দ্রুত বিচার ট্রাইব্যুনাল,------------------------ (সকল)।
৮। বিচারক (জেলা জজ), সন্ত্রাস বিরোধী বিশেষ ট্রাইব্যুনাল, ------------------ (সকল)।
৯। সদস্য (জেলা জজ), প্রশাসনিক অ্যাপীলেট ট্রাইব্যুনাল, ১৪, আঃ গণি রোড, ঢাকা।
১০। সদস্য (জেলা জজ), প্রশাসনিক ট্রাইব্যুনাল,---------------------------- (সকল)।
১১। সদস্য (জেলা জজ), শ্রম আপীল ট্রাইব্যুনাল, ঢাকা।
১২। চেয়ারম্যান (জেলা জজ), শ্রম আদালত, ---------------------------- (সকল)।
১৩। স্পেশাল জজ (জেলা জজ), স্পেশাল জজ আদালত ------------------------(সকল)।
১৪। বিচারক (জেলা ও দায়রা জজ), মানব পাচার অপরাধ দমন ট্রাইব্যুনাল, .................. (সকল)।
১৫। বিচারক (জেলা জজ), সাইবার ট্রাইব্যুনাল, .............................. (সকল)।
১৬। বিচারক ( জেলা জজ), পরিবেশ আপীল আদালত, ঢাকা।
১৭। সদস্য (জেলা জজ), কাস্টমস এক্সসাইজ ও ভ্যাট আপীলাত ট্রাইব্যুনাল,.................. (সকল)।

প্রযোজ্য ক্ষেত্রে প্রশাসনিক নিয়ন্ত্রণে কর্মরত সকল বিচার বিভাগীয় কর্মকর্তাকে বিতরণের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের অনুরোধসহ

১৮। চেয়ারম্যান (জেলা জজ), ১ম/২য় কোর্ট অব সেটেলমেন্ট, সেগুন বাগিচা, ঢাকা ।
১৯। চেয়ারম্যান (জেলা জজ), নিম্নতম মজুরী বোর্ড, তোপখানা রোড, ঢাকা।
২০। বিচারক (জেলা জজ), স্পেশাল ট্রাইব্যুনাল, সিকিউরিটিজ অ্যান্ড এক্সচেঞ্জ কমিশন, ঢাকা।
২১। সচিব (জেলা জজ), বাংলাদেশ বার কাউন্সিল, রমনা, ঢাকা।
২২। সদস্য (জেলা জজ), ট্যাকসেস অ্যাপীলেট ট্রাইব্যুনাল, দ্বৈত বেঞ্চ-৫, ঢাকা।
২৩। পরিচালক, জাতীয় আইনগত সহায়তা প্রদান সংস্থা, ১৪৫, বেইলী রোড, ঢাকা ।
২৪। সচিব, বাংলাদেশ জুডিসিয়াল সার্ভিস কমিশন সচিবালয়, ১৫, কলেজ রোড, ঢাকা ।
২৫। রেজিস্ট্রার, আন্তর্জাতিক অপরাধ ট্রাইব্যুনাল, পুরাতন হাইকোর্ট ভবন, ঢাকা।
২৬। পরিচালক (প্রশাসন), বিচার প্রশাসন প্রশিক্ষণ ইন্সটিটিউট, ১৫, কলেজ রোড, ঢাকা।
২৭। সচিব, আইন কমিশন, ১৫, কলেজ রোড, ঢাকা।
২৮। মহা-পরিচালক (লিগ্যাল এন্ড প্রসিকিউশন), দুর্নীতি দমন কমিশন, সেগুন বাগিচা, ঢাকা।
২৯। মহা-পরিদর্শক, (নিবন্ধন), নিবন্ধন অধিদপ্তর, ১৪, আঃ গণি রোড, ঢাকা।
৩০। যুগ্ম সচিব (আইন), নির্বাচন কমিশন সচিবালয়, শেরে বাংলা নগর, ঢাকা।
৩১। যুগ্ম সচিব (আইন প্রণয়ন), বাংলাদেশ জাতীয় সংসদ সচিবালয়, শেরে বাংলা নগর, ঢাকা।
৩২। আইন উপদেষ্টা, বাংলাদেশ সরকারি কর্ম কমিশন সচিবালয়, আগারগাঁও, শেরেবাংলা নগর, ঢাকা।
৩৩। আইন উপদেষ্টা (জেলা জজ), কাস্টমস হাউস, চট্টগ্রাম।
৩৪। উপ-সচিব (লিগ্যাল), প্রশাসন বিভাগ, বাংলাদেশ বিশ্ববিদ্যালয় মঞ্জুরী কমিশন আগারগাঁও, শেরেবাংলা নগর, ঢাকা।
৩৫। পরিচালক (অভিযোগ ও তদন্ত), জাতীয় মানবাধিকার কমিশন, ঢাকা।
৩৬। আইন কর্মকর্তা, পুলিশ হেডকোয়ার্টারস, ঢাকা।
৩৭। চীফ জুডিসিয়াল ম্যাজিস্ট্রেট,-----------------------------------------------------------(সকল)।
৩৮। চীফ মেট্রোপলিটন ম্যাজিস্ট্রেট,-------------------------------------------------------(সকল)।
৩৯। আইন কর্মকর্তা, তথ্য ও সম্প্রচার মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৪০। আইন কর্মকর্তা, বর্ডার গার্ড বাংলাদেশ, ঢাকা।
৪১। রেজিস্ট্রার, প্রশাসনিক আপীল ট্রাইব্যুনাল/শ্রম আপীল ট্রাইব্যুনাল..................(চেয়ারম্যান মহোদয় সমীপে উপস্থাপনের অনুরোধসহ)।
৪২। আইন কর্মকর্তা, চট্টগ্রাম বন্দর কর্তৃপক্ষ, চট্টগ্রাম।
৪৩। রেজিস্ট্রার, পার্বত্য চট্টগ্রাম ভূমি বিরোধ নিষ্পত্তি কমিশন, খাগড়াছড়ি।
৪৪। মাননীয় প্রধান বিচারপতির সচিব/একান্ত সচিব, হাইকোর্ট বিভাগ/আপীল বিভাগ, বাংলাদেশ সুপ্রীম কোর্ট, ঢাকা।
৪৫। সিস্টেম এনালিস্ট, বাংলাদেশ সুপ্রীম কোর্ট, হাইকোর্ট বিভাগ, ঢাকা (বাংলাদেশ সুপ্রীম কোর্টের ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)।
৪৬। অফিস কপি।

(আশফাক আহমেদ)
সহকারী রেজিস্ট্রার (বিচার)(ভারঃ)
ফোনঃ ০২৫৫১১০৪৯৪

জেনারেল এর কার্যালয়
প্রাঃ ২৬৩৪৫ তারিখঃ- 26 SEP 2025
রেজিস্ট্রার জেনারেল এর অনুস্বাক্ষর
অতি জরুরী/জরুরী/প্রয়োজনীয় ব্যবস্থা নিন/উপস্থাপন করুন/ সংশ্লিষ্ট নথিতে দিন/সকল কর্মকর্তা-কর্মচারীকে অবহিত করুন/ কথা বলুন।
সহকারী রে. স্ট্রার বিচার

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
মহানগর দায়রা জজ এর কার্যালয়
খুলনা।

স্মারক নং- ১৪৮/জি,

তারিখঃ ২২/৯/২০২৫ খ্রিঃ।

প্রেরক ঃ মোঃ শরীফ হোসেন হায়দার
মহানগর দায়রা জজ
খুলনা।

প্রাপক ঃ মাননীয় রেজিস্ট্রার জেনারেল
বাংলাদেশ সুপ্রীম কোর্ট,
ঢাকা।

বিষয় ঃ মহানগর দায়রা জজশীপের নাজির জনাব মোঃ আবুল কালাম আজাদ কর্তৃক দুরারোগ্য ব্যাধি ব্লাড ক্যান্সারের চিকিৎসা ব্যয় নির্বাহের জন্য আর্থিক সাহায্যের প্রার্থনায় আনীত আবেদন অগ্রগামীকরণ প্রসঙ্গে।

উপর্যুক্ত বিষয়ের প্রেক্ষিতে খুলনা মহানগর দায়রা জজ আদালতের নাজির জনাব মোঃ আবুল কালাম আজাদ ব্লাড ক্যান্সারে আক্রান্ত হওয়ায় উক্ত দুরারোগ্য ব্যাধির চিকিৎসা ব্যয় নির্বাহের জন্য আর্থিক সহায়তার জন্য তাঁর দাখিলী স্ব-ব্যাখ্যায়িত আবেদনপত্রটি সহানুভূতির সাথে বিবেচনাপূর্বক আর্থিক সাহায্যের জোর সুপারিশ সহ অত্রসাথ অগ্রগামী করা হলো।

২২/৯/২০২৫ খ্রিঃ
(মোঃ শরীফ হোসেন হায়দার)
মহানগর দায়রা জজ
খুলনা।

সংযুক্ত ঃ-
১। আবেদনসহ অন্যান্য কাগজপত্র--২৪ ফর্দ।

বরাবর,

মাননীয় রেজিস্ট্রার জেনারেল
বাংলাদেশ সুপ্রীম কোর্ট
ঢাকা।

মাধ্যম ঃ মাননীয় মহানগর দায়রা জজ
খুলনা।

বিষয় ঃ <u>ব্লাড ক্যান্সার চিকিৎসার ব্যয় নির্বাহের জন্য আর্থিক সহায়তার জন্য আবেদন।</u>

মহোদয়

যথাযথ সম্মান প্রদর্শন পূর্বক বিনীত নিবেদন এই যে, আমি মোঃ আবুল কালাম আজাদ মহানগর দায়রা জজ আদালত, খুলনার নাজির পদে কর্মরত আছি। আমি আমার পরিবারের একমাত্র উপার্জনক্ষম ব্যক্তি। বিগত ২০২০ খ্রিঃ সালে আমার স্ত্রী একপুত্র সন্তান রেখে অপর সন্তান প্রসবকালে ইন্তেকাল করেন। আমার একমাত্র পুত্র বর্তমানে পঞ্চম শ্রেণীতে অধ্যয়নরত। আমি ব্লাড ক্যান্সারে আক্রান্ত। আমি ইতোমধ্যে ভারতের ভেলোরস্থ খ্রিষ্টিয়ান মেডিকেল কলেজ হাসপাতালে চিকিৎসাধীন থেকে কেমোথেরাপি সম্পন্ন করেছি। পরবর্তীতে চলতি বছরের মার্চ মাসে চেকআপের জন্য আমি পুনরায় ভেলোরে যাই। কিন্তু পরীক্ষান্তে মেডিকেল রিপোর্ট অনুসারে আমার শরীরে ব্লাড ক্যান্সারের কিছু জীবাণু বিদ্যমান থাকায় বিশেষজ্ঞ চিকিৎসকগণ রেডিওথেরাপি প্রদানের পরামর্শ প্রদান করেন। রেডিওথেরাপি প্রদানের জন্য প্রায় ১০(দশ) লক্ষ টাকার প্রয়োজন। ইতোমধ্যে এই দূরারোগ্য ব্যাধির চিকিৎসা ব্যয় নির্বাহ করতে গিয়ে আমার প্রায় ৩০(ত্রিশ) লক্ষ টাকা খরচ হয়ে গিয়েছে। বর্তমানে পরবর্তী চিকিৎসা ব্যয় নির্বাহের জন্য সঞ্চিত কোন অর্থ অবশিষ্ট নেই। এমতাবস্থায়, আমি অসহায় ও নিরুপায় হয়ে বিচার বিভাগের একজন সাধারণ কর্মচারী হিসেবে আমার চিকিৎসার ব্যয় নির্বাহের জন্য মহোদয়ের মাধ্যমে বাংলাদেশের সকল বিচার বিভাগীয় মাননীয় বিচারকবৃন্দসহ সকল স্তরের কর্মকর্তা ও কর্মচারীবৃন্দের নিকট হতে আর্থিক সাহায্য কামনা করছি।

অতএব, মহোদয় সমীপে বিনীত প্রার্থনা এই যে, আমার চিকিৎসা ব্যয় নির্বাহের জন্য সকল জেলা/মহানগরের সর্বস্তরের সম্মানিত বিচারকবৃন্দ, কর্মকর্তা/কর্মচারীবৃন্দের নিকট মানবিক দিক বিবেচনা করে আর্থিক সাহায্য ও দোয়া বিনীতভাবে কামনা করতঃ উপর্যুক্ত বিষয়ে সদয় ব্যবস্থা গ্রহনের জন্য সবিনয়ে নিবেদন করছি।

**আর্থিক সাহায্য প্রেরণের ঠিকানা-**

১। মোঃ জিয়াউল হক, (ভাতিজা) বিকাশ পার্সোনাল -০১৭৪৩-৮৫৪৮১৬)
২। সঞ্চয়ী হিসাব নম্বর-২৮৫২১০১০৫৯৮৭১, পূবালী ব্যাংক লিমিটেড, শেখপাড়া বাজার শাখা, খুলনা।

বিনীত
আপনার একান্ত অনুগত
মোঃ আবুল কালাম আজাদ
(মোঃ আবুল কালাম আজাদ)
নাজির
মহানগর দায়রা জজ আদালত
খুলনা।

তারিখ-২২/৯/২০২৫ খ্রিঃ

সংযুক্ত ঃ-
১। আবেদনপত্র- ০৩ সেট
২। এন.আই.ডি-০৩ ফর্দ
৩। রোগ নির্ণয় ও চিকিৎসা সংক্রান্ত কাগজপত্র-১৭-ফর্দ